

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর  
উপজেলা কার্যালয়, পটিয়া, চট্টগ্রাম

প্রিজাইডিং অফিসারের কার্যালয়  
জোয়ারা খানখানাবাদ নূতন চন্দ্র উচ্চ বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির নির্বাচন ২০২৪  
doict.patiya.chittagong.gov.bd

স্মারক নংঃ ৫৬.০৪.১৫৬১.০০০.৩২.০০২.২৪- ২৭

তারিখঃ ১৭ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ  
৩১ মার্চ ২০২৪ খ্রি:স্টাব্দ

**তফসিল বিজ্ঞপ্তি**

এই স্মর্মে জানানো যাচ্ছে যে, উপজেলা নির্বাহী অফিসার, পটিয়া, চট্টগ্রাম মহোদয়ের কার্যালয়ের স্মারক নম্বর- ০৫.৪২.১৫৬১.০০০.০৮.০০২.২০২৪-২৫৭, তারিখঃ ২৭ মার্চ ২০২৪ খ্রি. মোতাবেক নিয়োগপ্রাপ্ত নিম্নস্বাক্ষরকারী প্রিজাইডিং অফিসার কর্তৃক চট্টগ্রাম জেলার পটিয়া উপজেলাধীন 'জোয়ারা খানখানাবাদ নূতন চন্দ্র উচ্চ বিদ্যালয়ের ম্যানেজিং কমিটি' গঠনকল্পে 'মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম (মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের গভর্নিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা ২০০৯ (সর্বশেষ সংশোধনীসহ)'-এর প্রবিধান ১৬(১) অনুসারে বিভিন্ন শ্রেণিতে (প্রযোজ্য ক্ষেত্রে) সদস্য নির্বাচনের লক্ষ্যে নিম্নরূপ নির্বাচনি তফসিল ঘোষণা করা হলো :-

| ক্রমিক নম্বর | বিষয়  | তারিখ ও সময়   | স্থান   |
|--------------|--|--|---|
| ০১.          | সিলগালাযুক্ত খামে নির্ধারিত ফরমে (ফরম-২) প্রতিদ্বন্দ্বী প্রার্থীদের মনোনয়নপত্র সংগ্রহ, দাখিল ও গ্রহণ  | ২-৪ এপ্রিল ২০২৪ খ্রি. তারিখ<br>(প্রতিদিন অফিস চলাকালীন<br>সময়ে)   | প্রধান শিক্ষকের কার্যালয়<br>(জোয়ারা খানখানাবাদ নূতন চন্দ্র<br>উচ্চ বিদ্যালয়, পটিয়া, চট্টগ্রাম)              |
| ০২.          | প্রিজাইডিং অফিসার কর্তৃক প্রতিদ্বন্দ্বী প্রার্থী বা তাঁদের মনোনীত প্রতিনিধিদের উপস্থিতিতে (যদি থাকেন) মনোনয়নপত্র বাছাই                                    | ৬ এপ্রিল ২০২৪ খ্রি. তারিখ<br>(সকাল ১০.০০ ঘটিকা হতে)  | প্রিজাইডিং অফিসারের কার্যালয়<br>(তথ্য ও যোগাযোগ প্রযুক্তি<br>অধিদপ্তর, উপজেলা কার্যালয়,<br>পটিয়া, চট্টগ্রাম) |
| ০৩.          | প্রিজাইডিং অফিসার বরাবর লিখিত আবেদনের মাধ্যমে মনোনয়নপত্র প্রত্যাহারের শেষ তারিখ (প্রার্থী নিজে উপস্থিত হয়ে জমা দিতে হবে) ও বৈধ প্রার্থীদের তালিকা প্রকাশ | ৮ এপ্রিল ২০২৪ খ্রি. তারিখ<br>প্রত্যাহারের আবেদন জমা গ্রহণ-<br>সকাল ১০.০০ ঘটিকা হতে দুপুর<br>০১.০০ ঘটিকা পর্যন্ত<br>তালিকা প্রকাশ- বিকাল ০৪.০০<br>ঘটিকা | প্রিজাইডিং অফিসারের কার্যালয়<br>(তথ্য ও যোগাযোগ প্রযুক্তি<br>অধিদপ্তর, উপজেলা কার্যালয়,<br>পটিয়া, চট্টগ্রাম) |
| ০৪.          | বিভিন্ন শ্রেণিতে (প্রযোজ্য ক্ষেত্রে) সদস্য নির্বাচনের লক্ষ্যে গোপন ব্যালটে ভোটগ্রহণ  | ১৮ এপ্রিল ২০২৪ খ্রি. তারিখ<br>(সকাল ১০.০০ ঘটিকা হতে<br>বিকাল ০৪.০০ ঘটিকা পর্যন্ত<br>বিরতিহীনভাবে)  | প্রধান শিক্ষকের কার্যালয়<br>(জোয়ারা খানখানাবাদ নূতন চন্দ্র<br>উচ্চ বিদ্যালয়, পটিয়া, চট্টগ্রাম)              |

**বিশেষ নির্দেশনা :**

- নির্ধারিত স্থানে উপস্থিত হয়ে মনোনয়নপত্র সংগ্রহ ও দাখিল করা যাবে।
- প্রয়োজনবোধে মনোনয়নপত্র সংগ্রহ ও দাখিলের স্থান হতে ভোটার তালিকা সংগ্রহ করা যাবে।
- সকল শ্রেণির পূরণকৃত মনোনয়নপত্র প্রিজাইডিং অফিসার বরাবর সিলগালাযুক্ত খামের ওপর প্রার্থীর নাম, পদের নাম ও মোবাইল নম্বর উল্লেখপূর্বক সংশ্লিষ্ট প্রধান শিক্ষকের নিকট জমা দিতে হবে।
- নির্বাচনি প্রচারণায় কেবলমাত্র ৫.৫ ইঞ্চি x ৮.৫ ইঞ্চি সাদাকালো রঙের লিফলেট ব্যবহার করা যাবে। কোনো প্রকার ব্যানার, পোস্টার বা অন্য কোনো প্রচার মাধ্যম ব্যবহার করা যাবে না।
- মনোনয়নপত্র বাছাই ও বাতিল সম্পর্কিত যে কোনো ধরনের আপিল সংশ্লিষ্ট প্রবিধানমালার প্রবিধান ২০(১) ও ২০(২) অনুসারে 'উপজেলা নির্বাহী অফিসার, পটিয়া, চট্টগ্রাম' মহোদয় বরাবর প্রবিধানমালায় উল্লিখিত সময়সীমার মধ্যে করতে হবে এবং তিনি প্রবিধানমালায় উল্লিখিত সময়সীমার মধ্যেই উক্ত আপিলসমূহ নিষ্পত্তি করবেন।
- নির্বাচন সংক্রান্ত যাবতীয় কার্যক্রম বিধি মোতাবেক পরিচালিত হবে এবং এর যে কোনো ধরনের ব্যত্যয়ের জন্য বিধি মোতাবেক আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।



৩২-০৬-২০২৪

(মুন্ময় দাস)

সহকারী প্রোগ্রামার

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর

উপজেলা কার্যালয়, পটিয়া, চট্টগ্রাম

ও

প্রিজাইডিং অফিসার

জোয়ারা খানখানাবাদ নূতন চন্দ্র উচ্চ বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির নির্বাচন ২০২৪

☎: ০১৬৭০৩৬৩৪৮৪

✉: mrinmoydas.doict@gmail.com

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১) মাননীয় সংসদ সদস্য ২৮৯ চট্টগ্রাম-১২, পটিয়া, চট্টগ্রাম
- ২) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম
- ৩) বিদ্যালয় পরিদর্শক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম
- ৪) উপজেলা নির্বাহী অফিসার, পটিয়া, চট্টগ্রাম
- ৫) প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, চট্টগ্রাম
- ৬) জেলা শিক্ষা অফিসার, চট্টগ্রাম
- ৭) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, পটিয়া, চট্টগ্রাম
- ৮) প্রধান শিক্ষক, জোয়ারা খানখানাবাদ নূতন চন্দ্র উচ্চ বিদ্যালয়, পটিয়া, চট্টগ্রাম (শ্রেণিকক্ষে শিক্ষার্থীদের উদ্দেশ্যে পাঠ, নোটিশবোর্ডে টাঙ্গানো ও অফিসে সংরক্ষণের জন্য তিন প্রস্থ)
- ৯) উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের কার্যালয়ের নোটিশ বোর্ড/ওয়েবপোর্টাল (সংশ্লিষ্টদের উদ্দেশ্যে প্রচারের জন্য)
- ১০) অফিস নথি

  
৩১-০৩-২০২৪

(মুদ্রম দাশ)

প্রিজাইডিং অফিসার

জোয়ারা খানখানাবাদ নূতন চন্দ্র উচ্চ বিদ্যালয়  
পটিয়া, চট্টগ্রাম